

২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ প্রদান সংক্রান্ত
শর্তাবলী
(নবম শ্রেণী ও তদূর্ধ্ব)

২০২২-২৩ শিক্ষাবর্ষে জনশিক্ষা প্রসার অধিকার কর্তৃক প্রদেয় স্কলারশিপের জন্য নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। কেবলমাত্র **দৃষ্টি-প্রতিবন্ধী, শ্রবণ-প্রতিবন্ধী, অস্থি সংক্রান্ত প্রতিবন্ধী এবং মানসিক প্রতিবন্ধী**রা নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন।

- ক) যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত **প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্রের অনুলিপি** আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।
- খ) দরখাস্তকারীর পিতা-মাতা/অভিভাবকের যৌথ পারিবারিক বার্ষিক আয় অনধিক **২ লক্ষ টাকা** হতে হবে। ছাত্র-ছাত্রীদের **ব্যাঙ্কের অ্যাকাউন্ট নম্বর** এবং **IFSC Code** আবেদন পত্রে উল্লেখ করতে হবে।
- গ) অব্যবহিত পূর্বের শ্রেণীর চূড়ান্ত পরীক্ষায় **কমপক্ষে ৪০ (চল্লিশ) শতাংশ** **নম্বর** পেতে হবে।
- ঘ) মিউজিক/ভোকেশনাল কোর্সের ক্ষেত্রে রাজ্য/কেন্দ্রীয় সরকার বা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠানে ট্রেনিং বা অ্যাপ্রেন্টিসশিপও এর অন্তর্ভুক্ত।
- ঙ) আবেদন পত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ **১৫ ই ডিসেম্বর, ২০২২-এর মধ্যে** যে কোন কাজের দিনে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের কার্যালয়ে জমা করতে হবে।
- চ) রাজ্য/কেন্দ্রীয় সরকার প্রদত্ত অনুরূপ স্কলারশিপ এই অর্থবর্ষে পেয়ে থাকলে এই ক্ষেত্রে আবেদন করতে পারবেন না।
- ছ) এই বিষয়ে কিছু জ্ঞাতব্য থাকলে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

অধিকর্তা
জনশিক্ষা প্রসার অধিকার
পশ্চিমবঙ্গ সরকার